গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
১৪/২, তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০

বিষয় : **স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২০-২১' এর অগ্রগতি ও পরিবীক্ষণ বিষয়ক মাসিক সভার কার্যবিবরণী ।**

সভাপতি : ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ
তারিখ : ১৪-০৬-২০২১ খ্রি:
সময় : দুপুর ১:৩০ ঘটিকা
স্থান : স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সভাকক্ষ।

সভাপতি উপস্থিত কমিটির সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই তিনি এপিএ, ২০২০-২১ এ উল্লিখিত কার্যক্রমের গুরুত্ব তুলে ধরেন। অত:পর তিনি এপিএ, ২০২০-২১ বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট জনাব ফাতেমা জোহরা কে গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করার অনুরোধ করেন। অতঃপর জনাব ফাতেমা জোহরা পূর্ববর্তী সভার কারযবিবরনী বিস্তারিত আলোচনার করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

| ক্র। নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কৌশলগত উদ্দেশ্য ১.১.১ এ উল্লিখিত প্রশিক্ষণ প্রদান কার্যক্রম শুরু হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনে অনলাইনে সম্পাদনের জন্য পূর্ববর্তী সভায় সভাপতি প্রত্যেক কম্পোনেন্টকে সচেষ্ট হতে বলেন এবং সে অনুযায়ী সকল প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এছাড়াও প্রমাণক হিসেবে প্রত্যেক কম্পোনেন্টকে প্রতি মাসে সম্পাদিত প্রশিক্ষণ সমূহের (ওপি, রাজস্ব ও ডিপি অর্থায়নে সম্পাদিত সকল) শিরোনাম সহ প্রশিক্ষণার্থীর সংখ্যা এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করার নির্দেশ দেন। | প্রমাণক হিসেবে প্রত্যেক কম্পোনেন্ট ও সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তাকে প্রতি মাসে (ওপি, রাজস্ব ও ডিপি অর্থায়নে সকল) সম্পাদিত প্রশিক্ষণ সমূহের শিরোনাম সহ প্রশিক্ষণার্থীর সংখ্যা এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করতে হবে। | প্রোগ্রাম ম্যনেজার, পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ জিএনএসপি ইউনিট, কোর্স কোঅরডিনেটর গণ ও সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | বাস্তবায়িত |
| ২। | কৌশলগত উদ্দেশ্যে ১.৩ এর অধীনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন (মুজিববর্ষ উদযাপন) উপলক্ষে এই ইউনিটের সকল গবেষণা কর্মের সংক্ষিপ্ত সার বই আকারে প্রকাশ করার কাজটি সম্পূর্ণ। বইটি ইউনিটের ওয়েবসাইটে ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে। | মুজিববর্ষ উদযাপন উপলক্ষে এই ইউনিটের সকল গবেষণা কর্মের সংক্ষিপ্ত সার বইটি ইউনিটের ওয়েবসাইটে ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বাস্তবায়িত |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | কৌশলগত উদ্দেশ্যে ১.৪ এর অধীনে আগামী জুন মাসের মধ্যে Covid-19 মহামারীকালীন মানসিক স্বাস্থ্য পরিস্থিতি এবং জেন্ডারজনিত সহিংসতা বিষয়ক গবেষণা সম্পাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। সরকারি নির্দেশনা মোতাবেক চলতি লকডাউনের কারণে গবেষণাটির একটি খসড়া প্রতিবেদন প্রমাণক স্বরূপ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক চলতি লকডাউনের কারণে Covid-19 মহামারীকালীন মানসিক স্বাস্থ্য পরিস্থিতি এবং জেন্ডারজনিত সহিংসতা বিষয়ক গবেষণাটির চুড়ান্ত প্রতিবেদন প্রস্তুত সম্ভব না হলে প্রমাণক স্বরূপ খসড়া প্রতিবেদনটি দাখিল করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিএনএসপি ইউনিট | বাস্তবায়িত |
| ৪। | কৌশলগত উদ্দেশ্যে ১.৫ মোতাবেক এই ইউনিট কর্তৃক এই অর্থ বছরে মোট ০৮ (আট) টি গবেষণা সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সভাপতি সে মোতাবেক প্রমাণক স্বরূপ ২০২০-২১ অর্থবছরে সম্পন্ন গবেষণা সমূহের চুড়ান্ত প্রতিবেদন সমূহ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। | প্রমাণক স্বরূপ ২০২০-২১ অর্থবছরে সম্পন্ন গবেষণা সমূহের চুড়ান্ত প্রতিবেদন সমূহ একটি পিডিএফ আকারে দাখিল করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বাস্তবায়িত |
| ৫। | গত সভার সিদ্ধান্ত মোতাবেক কৌশলগত উদ্দেশ্য ২.১.১ এর বিষয়ে পরিচালক (গবেষণা) সভায় সবাইকে অবহিত করেন যে উল্লিখিত বিষয়ে এই ইউনিটের কম্পিউটার অপারেটর ও ডাটা-এন্ট্রি অপারেটরদের সম্পৃক্তকরণ পূর্বক নতুন ৭০,০০০ দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর ডাটাবেস তৈরির কাজ সম্পন্ন হয়েছে। এসএসকে পাইলট প্রকল্পটি সম্প্রসারণের নিমিত্ত নতুন ০৪ (চার) টি উপজেলার রেজিস্ট্রেশনের কাজ কোভিড-১৯ এর লকডাউনের জন্য স্থগিত রয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক লকডাউন শেষে নতুন ৭০,০০০ দরিদ্র জনগোষ্ঠীর রেজিস্ট্রেশন পূর্বক এপিএ তে উল্লিখিত ডাটাবেইজ তৈরির লক্ষ্যমাত্রা সম্পন্ন করা সম্ভব হবে। | আগামী জুন মাসের মধ্যে এপিএ-তে উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অতি দ্রুততর সময়ে এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সিস্টেম এনালিস্ট, সকল কম্পিউটার অপারেটর, ডাটা-এন্ট্রি অপারেটর, ডাটা এন্ট্রি সুপারভাইজার, এসএসকে ফিল্ড সুপারভাইজার ও সকল আইটি অফিসার | চলমান |
| ৬। | কৌশলগত উদ্দেশ্য ৩.১.১ মোতাবেক মোট ৩৬৬ জনকে HSR to GBV প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সে মোতাবেক মোট ৩৬৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং সম্পাদিত প্রশিক্ষণ সমূহের প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন শিট সমূহ প্রমাণক স্বরূপ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। | সম্পাদিত প্রশিক্ষণ সমূহের প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন শিট সমূহ প্রমাণক স্বরূপ একটি পিডিএফ আকারে দাখিল করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বাস্তবায়িত |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | কৌশলগত উদ্দেশ্য ৩.২.১ মোতাবেক গত ৩০-০৪-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে এনজিও ডাটাবেজ অনুযায়ী নিয়মিত তথ্য সংগ্রহ এবং বার্ষিক রিপোর্ট প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। মোতাবেক ইতোমধ্যে সম্পাদিত কার্যক্রমের প্রমাণক স্বরূপ ২০২০-২১ অর্থবছরে এনজিও ডাটাবেজ সম্পর্কে বার্ষিক রিপোর্টটি এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। | এ সংক্রান্ত ইতোমধ্যে সম্পাদিত কার্যক্রমের প্রমাণক স্বরূপ ২০২০-২১ অর্থবছরে এনজিও ডাটাবেজ সম্পর্কে বার্ষিক রিপোর্টটি একটি পিডিএফ আকারে দাখিল করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বাস্তবায়িত |
| ৮। | কৌশলগত উদ্দেশ্য ৪.১ মোতাবেক গত ৩০-০৪-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে Bangladesh National Health Accounts –VI এর প্রতিবেদন প্রকাশ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। এ বিষয়ে বিএনএইচএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় সবাইকে অবহিত করেন যে Bangladesh National Health Accounts –VI এর প্রতিবেদন ইতোমধ্যে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। | প্রমাণক স্বরূপ Bangladesh National Health Accounts –VI এর প্রতিবেদনটি একটি পিডিএফ আকারে দাখিল করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বাস্তবায়িত |
| ৯। | কৌশলগত উদ্দেশ্য ৪.২ মোতাবেক গত ৩০-০৪-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে Public Expenditure Review (PER)- XI এর তথ্য উপাত্ত বিশ্লেষণ সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। এ বিষয়ে বিএনএইচএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় সবাইকে অবহিত করেন যে ইতোমধ্যে তথ্য উপাত্ত বিশ্লেষণ সম্পন্নের একটি প্রত্যয়ন এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। | প্রমাণক স্বরূপ Public Expenditure Review (PER)- XI এর তথ্য উপাত্ত বিশ্লেষণ সম্পন্ন করার প্রত্যয়নটি একটি পিডিএফ আকারে দাখিল করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বাস্তবায়িত |
| ১০। | কৌশলগত উদ্দেশ্য ৫.৩.১ মোতাবেক মোট ১৫০ জনকে হাসপাতালে Safe Surgery Checklist (SSC) বিষয়ক প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে প্রোগ্রাম ম্যানেজার, স্বাস্থ্য অর্থনীতি সকলকে অবহিত করেন। সম্পন্ন কার্যক্রমের প্রমাণক সমূহ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | সম্পাদিত প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন শিট সমূহ প্রমাণক স্বরূপ একটি পিডিএফ আকারে দাখিল করতে হবে। | প্রোগ্রাম ম্যনেজার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বাস্তবায়িত |
| ১১। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ১.৩ এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের সঙ্গে ৪ টি অবহিতকরণ সভা আয়োজন করার নির্দেশনা মোতাবেক কার্যক্রম এসএসকে পাইলট এলাকার সেবাগ্রহীতাদের নিয়ে সম্পন্ন করা হয়েছে এবং প্রমাণক স্বরূপ কার্যবিবরণী সমূহ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। | প্রমাণক স্বরূপ কার্যবিবরণী সমূহ একটি পিডিএফ আকারে দাখিল করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বাস্তবায়িত |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ২.১ এ ই-নথি ৮০% বাস্তবায়নের নির্দেশনা আছে। গত সভার সিদ্ধান্ত মোতাবেক এটুআই (a2i) এর সাথে যোগাযোগ পূর্বক ই-নথির ডমেইন এ কারিগরি সমস্যার সমাধান করা হয়েছে। | এপিএ- তে উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলকে ই-নথির মাধ্যমে পত্র ও নথি কার্যক্রম পরিচালনা করতে হবে। | সকল কর্মকর্তা | চলমান |
| ১৩। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ২.৫.১ মোতাবেক এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদানের জন্য ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানের নির্দেশনা রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে আলোচনা পূর্বক জানা যায় যে প্রনোদনা স্বরূপ সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদানের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক সভাপতি আলোচনা সাপেক্ষে এপিএ সংশ্লিষ্ট উত্তম কাজের প্রনোদনা স্বরূপ উপপরিচালক-১ ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ফাতেমা জোহরা এবং সহায়ক কর্মচারী হিসেবে কম্পিউটার অপারেটর জনাব মোঃ কামরুজ্জামান কে সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদানের সিদ্ধান্ত প্রদান করেন। | এপিএ সংশ্লিষ্ট উত্তম কাজের প্রনোদনা স্বরূপ উপপরিচালক-১ ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ফাতেমা জোহরা এবং সহায়ক কর্মচারী হিসেবে কম্পিউটার অপারেটর জনাব মোঃ কামরুজ্জামান কে সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদান করতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (প্রশাসন) | বাস্তবায়িত |
| ১৪। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ৩.৩.১ এ উল্লিখিত কার্যক্রম বিষয়ে সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা জানান যে ইউনিটের অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়নের নিমিত্ত ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য পূর্ববর্তী বছরের সকল প্রস্তাব অনেক পূর্বেই মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ সংক্রান্ত ইতোমধ্যে সম্পাদিত কার্যক্রমের প্রমাণক স্বরূপ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তার কাউন্টার স্বাক্ষর সহ মহাপরিচালক মহোদয় কর্তৃক একটি প্রত্যয়ন পত্র এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। | প্রমানক স্বরূপ প্রত্যয়ন পত্রটি একটি পিডিএফ আকারে দাখিল করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বাস্তবায়িত |
| ১৫। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ৩.৩.২ এ উল্লিখিত কার্যক্রম বিষয়ে এই ইউনিটের ০২ (দুইটি) অডিট, যথাক্রমে- ২০১৬-১৭ খ্রিঃ – FS গড়মিল (২৩৬.৪৩ লক্ষ টাকা) এবং ২০১৭-১৮ খ্রিঃ - FS গড়মিল (৬৯.৮৮ লক্ষ টাকা) আপত্তি ব্যাতীত অন্যান্য সকল অডিট আপত্তি ইতোমধ্যেই নিষ্পত্তি হয়ে গিয়েছে মর্মে সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা সকলকে অবহিত করেন। গত এক্সিট সভায় এসএসকে এর বিষয়ে চলতি ২০২০-২০২১ অর্থবছরের ০২ (দুই) টি অডিট আপত্তি পাওয়া গিয়েছে। মহাপরিচালক মহোদয় উক্ত অডিট আপত্তির | সকল অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যাবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (গবেষণা) – সদস্য সচিব, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা- সদস্য এবং উপপরিচালক-৩- সদস্য সচিব এর সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট গঠিত কমিটি | চলমান |

| | | | | |
|---|---|---|---|---|
| | নিষ্পত্তির বিষয়ে পরিচালক (গবেষণা) – সদস্য সচিব, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা- সদস্য এবং উপপরিচালক-৩- সদস্য সচিব এর সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেন। | | | |

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও সভাপতি, এপিএ

স্মারক নং- ৪৫.০৫.০০০০.০০৫.৩৯.০০১.১৯. ৪০১৪

তারিখঃ -০৬-২০২১ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রাম ম্যানেজার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ জিএনএসপিইউ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৩। পরিচালক (প্রশাসন/ গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৪। উপপরিচালক (১/২/৩/৪), সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপিইউ/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৫। ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ মেডিকেল অফিসার (বিএনএইচএ/ কিউআইএস/ এসএসকে), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৭। প্রশাসনিক কর্মকর্তা- ১, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ ওপি, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৮। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৯। জনাব মোঃ কামরুজ্জামান, কম্পিউটার অপারেটর, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
১০। অফিস কপি।

(ফাতেমা জোহরা)
উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)
ও ফোকাল পয়েন্ট, এপিএ
ফোন: ৯৫৮৫৫৭৮
ই-মেইল : dd1@heu.gov.bd

<u>অনুলিপি :</u>

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।